

ফাতওয়া নান্বার: ১৮০

প্রকাশকাল: ১৫-০৭-২০২১ ইং

বিভিন্ন সফটওয়্যারের ক্র্যাকড ভার্সন ব্যবহার করার শরয়ী বিধান কী?

প্রশ্নঃ-১

আমরা আমাদের ল্যাপটপ বা কম্পিউটারে অপারেটিং সিস্টেম হিসেবে যে উইন্ডোজ ব্যবহার করি বা মাইক্রোসফট অফিস, ভিপিএন, এন্টি ভাইরাসসহ মিডিয়ার কাজের জন্য অনেক পেইড সফটওয়্যারের ক্র্যাকড ভার্সন বিনামূল্যে ব্যবহার করি। এগুলোর শরয়ী বিধান কি?

প্রশ্নকারী-উবায়দুল্লাহ

প্রশ্নঃ-২

আমাকে University এর কাজে Word file, adobe এর বিভিন্ন software ব্যবহার করতে হয়। এগুলোর বাজার দর ২০০-৩০০ ডলার। কেনার সামর্থ্য আমার নেই। তাই আমি Crack File (পাইরেটেড সংস্করণ)ব্যবহার করি। এতে শরীয়তের দৃষ্টিতে কোনো সমস্যা আছে কি?

প্রশ্নকারী- মোঃ সামবিতুল ইসলাম

প্রশ্নঃ-৩

আসসালামু-আলাইকুম। আমাদের বিভিন্ন কাজে বিভিন্ন সফটওয়্যার ব্যবহার করতে হয়। এর মধ্যে অনেক সফটওয়্যারই মূল ভার্সন ব্যবহার করলে কিনে ব্যবহার করতে হয়। তবে এই সফটওয়্যারগুলোর ক্র্যাকড ভার্সন অনলাইনে পাওয়া যায়। এই ক্র্যাকড ভার্সনগুলো ব্যবহার করা যাবে কি?

উল্লেখ্য, এই সফটওয়্যারগুলো বেশিরভাগই আমেরিকান বড় বড় কোম্পানির।

প্রশ্নকারী-তামীম সরকার

উত্তর:

কেউ কোনো কিছু উৎপাদন করলে, তার কপিরাইট বা উৎপাদন-অধিকার শরীয়তের দৃষ্টিতে একমাত্র তার জন্য সংরক্ষিত থাকবে কি না, এটি একটি মতভেদপূর্ণ বিষয়। উলামায়ে কেরামের বড় একটি অংশের মতে, তা সংরক্ষিত থাকবে না; বরং যে কেউ বৈধভাবে একটি কপি সংগ্রহ করার পর; তা থেকে পুনরায় কপি করার অধিকার রাখে।

আর যাদের মতে উৎপাদন-অধিকার উৎপাদকের জন্য সংরক্ষিত, তাদের দৃষ্টিতেও অন্যদের জন্য শুধু বাণিজ্যিক উৎপাদন নিষিদ্ধ। অর্থাৎ কেউ যদি তা ব্যবসার উদ্দেশ্যে কপি করতে চায়, তাহলে মূল উৎপাদকের অনুমতি লাগবে। পক্ষান্তরে ব্যক্তিগত ব্যবহারের জন্য বা কাউকে হাদিয়া করার জন্য কপি করার অধিকার সকলেরই আছে। এবিষয়ে যেসব আলেম কপিরাইট সংরক্ষিত হওয়ার প্রবক্তা, তাদেরও দ্বিমত নেই।

তাছাড়া আমাদের জানামতে এই সফটওয়্যারগুলোর মালিক হারবি কাফেররা। হারবি কাফেরদের সকল সম্পদ মুসলিমদের জন্য হালাল, যতক্ষণ না তারা আমাদের সঙ্গে কোনো চুক্তির আওতায় আসে এবং তাদের সম্পদ সংগ্রহে তাদের সঙ্গে কৃত কোনো চুক্তি বা ওয়াদা ভঙ্গ করা না হয়। সুতরাং তাদের তৈরি এসব সফটওয়্যারের ক্র্যাচড ও পাইরেটেড ভার্সন (নেট থেকে হোক বা দোকান থেকে কিনে হোক) ব্যবহার করতে শরীয়তের দৃষ্টিতে কোনো সমস্যা নেই।

দেখুন: হেদায়া: ৩/৬৫; ফিকহুল বুয়ু: ১/২৮৬; ইসলাম সুওয়াল জাওয়াব: ১০২৩৫২, ২২৬২৩০, ২৩৪১৯৬; মিস্বারুত তাওহিদ: ২৯৩১, ২৭৮৫, ২২৮৫; দরসুল ফিকহ-হাটহাজারি: ২/৩৮৩, ৩৮৬; দারুল উলুম দেওবন্দ (ওয়েবসাইট): ১৫২৮৫৯, ১৫৬৫১৯; ফাতাওয়া বিল্লুরি টাউন (ওয়েবসাইট): ১৪৩৯০৯২০১৫৯৭, ১৪৪২০১২০১২১২

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০১-১২-১৪৪২ হি.

১২-০৭-২০২১ ইং

